

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩৮২

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (كتاب المساجد ومواضع الصلاة)

পরিচ্ছেদঃ ৫/৪২, জামাআতে সালাতের ফযীলত এবং তা থেকে পিছিয়ে থাকার ভয়াবহতার বর্ণনা।

فضل صلاة الجماعة وبيان التشديد في التخلف عنها

আরবী

حَدِيْثُ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللهِ عَلَيْ قَالَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ بِحَطَبٍ فَيُحْطَبَ ثُمَّ آمُرَ بِالصَّلَاةِ فَيُؤَدَّنَ لَهَا ثُمَّ آمُرَ رَجُلًا فَيَوُّمَّ النَّاسَ ثُمَّ أُخَالِفَ إِلَى رِجَالٍ فَيُحْطَبَ ثُمَّ آمُر بِالصَّلَاةِ فَيُؤَدَّنَ لَهَا ثُمَّ آمُر رَجُلًا فَيَوُّمَّ النَّاسَ ثُمَّ أُخَالِفَ إِلَى رِجَالٍ فَيُحْرِقَ عَلَيْهِمْ بُيُوتَهُمْ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَوْ يَعْلَمُ أَحَدُهُمْ أَنَّهُ يَجِدُ عَرْقًا سَمِينًا أَوْ مِرْمَاتَيْنِ خَسَنَتَيْنِ لَشَهِدَ الْعِشَاءَ

বাংলা

৩৮২. আবূ হুরায়রাহ্ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যাঁর হাতে আমার প্রাণ, তাঁর শপথ! আমার ইচ্ছে হয়, জ্বালানী কাঠ সংগ্রহ করতে আদেশ দেই, অতঃপর সালাত কায়েমের নির্দেশ দেই, অতঃপর সালাতের আযান দেয়া হোক, অতঃপর এক ব্যক্তিকে লোকদের ইমামত করার নির্দেশ দেই। অতঃপর আমি লোকদের নিকট যাই এবং (যারা সালাতে শামিল হয় নাই) তাদের ঘর জ্বালিয়ে দেই। যে মহান সন্তার হাতে আমার প্রাণ, তাঁর কসম! যদি তাদের কেউ জানত যে, একটি মাংসহীন মোটা হাড় বা ছাগলের ভালো দু'টি পা পাবে তাহলে অবশ্যই সে 'ইশা সালাতের জামা'আতেও উপস্থিত হতো।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০; আযান, অধ্যায় ২৯, ৬৪৪; মুসলিম, পর্ব ৫; মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৪২, হাঃ ৬৫১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন